

জাকিয়া আক্তার বানু
প্রভাষক (মনোবিজ্ঞান)

অধ্যায়ঃ ৬

সংবেদন, প্রত্যক্ষণ ও মনোযোগ

প্রত্যক্ষণ

সংজ্ঞাঃ অভিজ্ঞতা ভিত্তিক ব্যাখ্যা, বিশ্লেষণ, মনো-দৈহিক সমন্বয়সাধনের মধ্যে দিয়ে সম্পন্ন কোনো উদ্দীপকীয় উদ্দীপনা তথা ঐ উদ্দীপক সম্পর্কে একটি সুসংগঠিত ও অর্থপূর্ণ ধারণা তৈরীর প্রক্রিয়াকেই প্রত্যক্ষণ বলে।

প্রত্যক্ষণের বৈশিষ্ট্যসমূহ

১/উদ্দীপকীয় ব্যাখ্যা

২/নির্বাচনমুখিতা

৩/সংগঠনমূলক

৪/স্থিরতা /ধ্রুবকতা

৫/নমনীয়তা

৬/সামগ্রিকতা

৭/সাধারণীকরণ

প্রত্যক্ষণ সংগঠন ও এর নীতিসমূহ

সজ্ঞা: উদ্দীপকীয় অবস্থা বা ব্যক্তিনিষ্ঠকতার প্রভাবে এবং প্রত্যক্ষণের সংগঠনগত নীতির ভিত্তিতে কোনো এলোমেলো উদ্দীপক সমূহকে একটি বিশেষ বৈশিষ্টপূর্ণ আকার, আকৃতি অথবা অর্থপূর্ণ কাঠামোরূপে প্রত্যক্ষণ করাকেই প্রত্যক্ষণের সংগঠন বলে।

নীতিসমূহ

১/দলবদ্ধকরণঃ ক/সাদৃশ্য

ঘ/প্রতিসাম্য

খ/ নৈকট্য

ঙ/সাধারণ ভাগ্য

গ/নিরবচ্ছিন্নতা

২/পূর্ণকরণ

৩/অবয়ব রেখা

৪/প্রতীক- পটভূমি প্রত্যক্ষণ

বি, দ্রঃ সংবেদন ও প্রত্যক্ষণ এর মধ্যে পার্থক্য নির্দেশ করে একটি চার্ট তৈরী করো।

ব্যক্তিনিষ্ঠ বা জৈবিক উপাদান

- ১/ঝোক বা প্রবণতা
- ২/চাহিদা বা প্রেষণা
- ৩/আবেগ
- ৪/মনোভাব
- ৫/মূল্যবোধ
- ৬/ক্লান্তি

প্রত্যক্ষণে প্রতীক পটভূমি সম্পর্ক

- ১/সামগ্রিক প্রত্যক্ষণগত
- ২/সংগঠনের নীতিগত
- ৩/অবস্থানগত
- ৪/আকারগত
- ৫/ক্ষেত্রগত
- ৬/উজ্জলতা
- ৭/আকর্ষণগত
- ৮/অপরিবর্তনশীলতা
- ৯/পরিবর্তনশীলতা
- ১০/ দব্যর্থবোধকভিত্তিক

বাড়ির কাজ

আধ্যায় ৬ এর প্রত্যক্ষণ অংশটি সংক্ষিপ্ত আলোচনা করা হলো। ছাত্রছাত্রীরা প্রত্যক্ষণ অংশটি ভালোভাবে বুঝে পড়বে।

বহুনির্বাচনি প্রশ্ন

১/ উদ্দীপকীয় উদ্দীপনা একীকরণ ও সমন্বয় সাধনের মানসিক প্রক্রিয়াকে কী বলে?

ক/শিক্ষণ খ/প্রত্যক্ষণ গ/সংবেদন ঘ/মনোযোগ

২/কোন মনোবিজ্ঞানিগণ প্রত্যক্ষণের সংগঠনের ক্ষেত্রে ধারণা প্রদান করেন?

ক/ওয়ার্ডিমার ও সহযোগী খ/রডিজার ও সহযোগী

গ/ ক্রাইডার ও সহযোগী ঘ/মরগান ও সহযোগী

৩/প্রত্যক্ষণীয় সংগঠনে কোন ধরনের অবস্থার রূপান্তর ঘটে থাকে?

ক/প্রত্যক্ষণীয় খ/সংবেদীয়

গ/প্রকৃত উদ্দীপকীয় ঘ/মনোযোগ

৪/প্রত্যক্ষণের সংগঠনে প্রধানত কত ধরনের উপাদানের প্রভাব লক্ষ করা যায়?

ক/দুই খ/তিন গ/চার ঘ/পাঁচ

৫/কোনটি উদ্দীপকীয় উপাদান নয়?

ক/নৈকট্য খ/ ঝাঁক গ/প্রতিসাম্য ঘ/সাধারণ ভাগ্য

সৃজনশীল প্রশ্ন

দৃশ্যকল্প-১ঃ গত মাসে সুবর্ণার মা মারা যায়। সুবর্ণা এ খন ও মাঝে মাঝে মায়ের কণ্ঠস্বর শুনতে পায়।

দৃশ্যকল্প-২ঃ রাসেল বিশ্ব বিদ্যালয়ে ভর্তির জন্য বাসে করে ঢাকায় যাচ্ছে। বাসের জানালা দিয়ে তাকিয়ে দেখে কাছের গাছ-পালা গুলো দ্রুত পিছনে সরে গেলেও দূরের গাছ-পালা গুলো মনে হচ্ছে যেন তার সাথে এগিয়ে চলছে।

ক/ প্রত্যক্ষণ কাকে বলে?

খ/ অলীক বীক্ষণ বলতে কী বুঝ?

গ/ সুবর্ণার আচরণ কোন ধরনের প্রত্যক্ষণের সাথে সাদৃশ্যপূর্ণ, কেন? ব্যাখ্যা করো।

ঘ/ রাসেলের দেখা ও সুবর্ণার শূনা ঘটনা দুটির পার্থক্যের সপক্ষে তোমার যুক্তি প্রদান কর।

করোনা ভাইরাস মোকাবেলায় সবাই ঘরে অবস্থান করবে।